

অন্য কবিতা

▣ স্বপন ধর

অন্য কবিতা লিখছি আমি
কিছু চায়ের কাপে ভিজিয়ে, কিছু ঠোঁটের গোঁড়ায় জড়িয়ে
কিছু অচেনা শব্দ লিখছি আমি
ভাবনার গভীরতা উড়ছে দিক-দিগন্ত পেরিয়ে,
হয়তো দেওয়ালের অপারে আছে কিছু লুকিয়ে
জানতে হবে, বুঝতে হবে
কলমের ডগায় কথা সাজিয়ে আজ লিখতেই হবে।
তবুও মন অশান্ত
আরও কিছু চাইছে নিজের মতো,
জানে না সে ঠিকানা, জানে না সে পরিচয়
শুধুই যেন করছে আজ সময়ের অপচয়।
হোক বসন্ত, পাতাগুলো চাপা পড়ুক মাটির ভাঁজে
তবুও সে ছুটবে নতুন খুঁজে
হোক অমাবস্যার অন্ধকার কিংবা কোনো গণ্ডী সার্থকতার
থাকুক পিছুটান কিংবা বাধ্যকতা
আজ লিখবো এক অন্য কবিতা।